

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
ক্রয় ও সংগ্রহ অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৬৫.০৩২.১৯.০০.০০১.২০১৪-৩১০

তারিখঃ ০৩-১২-২০১৭খ্রিঃ।

বিষয়ঃ ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট (পিএফডি) ওপির ২০১৭-২০১৮ অর্থবছরের জিওবি (উন্নয়ন) খাতের সংশোধিত স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণ প্ল্যান-এ প্রশাসনিক অনুমোদন।

সূত্রঃ (১) নং-এইচইডি/প্রশাঃ/ওয়ার্কশপ/২৪২/২০১৫/২৪৪৫, তাং-২২-১১-২০১৭ খ্রিঃ।

(২) নির্মাণ অধিশাখার স্মারক নং-৪৫.০০.০০০০.১৬৭.০৫.০৪৮.১৭-৪৩১, তাং-২৮-১১-২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট (পিএফডি) ওপির ২০১৭-২০১৮ অর্থবছরে জিওবি (উন্নয়ন) খাতের অর্থায়নে ৮টি ব্যাচে ৭০জন প্রশিক্ষণার্থীর বিপরীতে প্রণীত ৯.০০ (নয় লক্ষ) লক্ষ টাকার স্থানীয় প্রশিক্ষণ প্ল্যান এবং ৬টি ব্যাচে ৪৯ জন প্রশিক্ষণার্থীর বিপরীতে প্রণীত ১৯১.০০ (এক কোটি একানব্বই লক্ষ) লক্ষ টাকার বৈদেশিক প্রশিক্ষণ প্ল্যান সর্বমোট (৯.০০+১৯১.০০) = ২০০.০০ (দুই কোটি) লক্ষ টাকার সংশোধিত প্রশিক্ষণ প্ল্যান-এ নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে প্রশাসনিক অনুমোদনে নির্দেশক্রমে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলো এবং একই সাথে ৩১/১০/২০১৭ তারিখের ২৮০ সংখ্যক পত্রে অনুমোদিত প্রশিক্ষণ প্ল্যান বাতিল করা হলোঃ

শর্তাবলী

- (ক) এ অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮, আর্থিক ক্ষমতা অর্পন, ২০১৫ এর বিদ্যমান বিধি-বিধান যথাযথ অনুসরণ করতে হবে;
- (খ) বর্ণিত প্যাকেজের প্রশিক্ষণ যথাযথভাবে সম্পন্ন হওয়ার বিষয়টি লাইন ডাইরেক্টর কর্তৃক নিশ্চিত করতে হবে;
- (গ) সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টর সরাসরি প্রশিক্ষণ ইনস্টিটিউটের সাথে যোগাযোগপূর্বক প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করবে; এক্ষেত্রে কোন এজেন্ট-এর সহযোগিতা গ্রহণ করা যাবে না;
- (ঘ) প্রশিক্ষণ ইনস্টিটিউটের সাথে যোগাযোগ সংক্রান্ত ডকুমেন্টস-এর অনুলিপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
- (ঙ) প্রশিক্ষণ শেষে দেশে প্রত্যাবর্তন এর পর প্রশিক্ষণ সংক্রান্ত একটি বিস্তারিত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং দলগতভাবে প্রশিক্ষণের প্রায়োগিক দিক সম্পর্কে একটি উপস্থাপনা প্রদান করতে হবে;
- (চ) স্থানীয় প্রশিক্ষণে Institution Based প্রশিক্ষণের ব্যবস্থা নেয়া। এ ক্ষেত্রে নিপোর্ট, নিপসমকে অগ্রাধিকার দিয়ে অন্যান্য প্রতিষ্ঠানের সাথে প্রয়োজনীয় যোগাযোগ/সমঝয় করতে হবে;
- (ছ) প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারিগণের ডাটাবেজ তৈরি করা।
- (জ) বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;
- (ঝ) ক্রয় পরিকল্পনা বাস্তবায়নকালে প্রয়োজ্য সকল আর্থিক বিধি বিধান অনুসরণ করতে হবে।

(হাসান মাহমুদ)

উপসচিব

ফোনঃ ৯৫৪০৬৪৫

অতিরিক্ত সচিব(উন্নয়ন)

স্বাস্থ্য সেবা বিভাগ

ও

লাইন ডাইরেক্টর

ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট (পিএফডি)।

(দৃঃআঃ-প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা)।

১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

২। সিস্টেম এনালিস্টস, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।